# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ আগস্ট, ২০০৯ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন ইয়াহ্ইয়া সৈয়দ (সি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন শাহনেওয়াজ, এনডিসি, পিএসসি, জিডি(এন) — উপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর এ কে এম শহীদুল হাসান — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী — উপস্থিত
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ — উপস্থিত
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ) সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

*চলমান পাতা-*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২২ জুলাই, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২২ জুলাই, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ গত ২২ জুলাই, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ জুলাই, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, জুলাই, ২০০৯ মাসে বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং কচুক্ষেত পুরান বাজার এলাকা থেকে গৃহকর বাবদ ১২,৭৪,৭০৬.০০ টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ২৩,৯৪,৪৯৮.০০ টাকা আদায় হয়েছে। ২০০৯-২০১০ আর্থিক সালে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত এলাকা থেকে গৃহকর বাবদ ১,৭০,০০,০০০.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ৯৫,০০,০০০.০০ টাকাসহ সর্বমোট ২,৬৫,০০,০০০.০০ টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তবে কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর আদায় সন্তোষজনক নয়।

ান্ত ঃ জুলাই, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর আদায়ের লক্ষ্যে চূড়ান্ত নোটিশ প্রদান করতঃ পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৩ ঃ জুলাই, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ জুন, ২০০৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত মাসে ১,৮২,০৮,৭৬৪.১৪ টাকা আয় হয়েছে এবং ১,২৯,৮২,৪৩৬.০০ টাক ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ জুন, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ জুলাই, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, সেনানিবাসের বিভিন্ন স্থানে মশার উপদ্রব পূর্বের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে। এ প্রসংগে স্টেশন হেল্থ অফিসার জানান যে, প্রয়োজনীয় কীটনাশক এর অভাবে ব্রিডিং স্পটগুলোতে নিয়মিত মশক নিধন ঔষধ দেয়া যাচ্ছে না। সুপারভিশন এর মাধ্যমে ব্রিডিং স্পটগুলোতে নিয়মিত কীটনাশক ছিটানোর বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বর্ষা মৌশুমে ঢাকা সেনানিবাসে মশার ব্রিডিং স্পটগুলোতে নিয়মিত কীটনাশক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন হেল্থ অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া জুলাই, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনান্তে অনুমোদন করা হলো।

*চলমান পাতা-৩*

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লটে নির্মিত বাড়ীর নিম্নবর্ণিত ০৩(তিন) টি ফ্ল্যাট প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মলিক/আম-মোক্তরগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর গৃহকর হালনাগাদ পরিশোধ আছে এবং অননুমোদিত নির্মাণের বিষয়টি নিয়মিত করা হয়েছে বিধায় নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৬/সি ফ্ল্যাট#বি/২, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ফজলুল হক খান বাড়ী#২৬/সি, রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৪ মে, ২০০৯ | ডাঃ আহমেদ হোসেন পিতা- মৃত ফ্লাইট লেঃ মহসিন আহমেদ (অবঃ), বাড়ী#২৬/সি ফ্ল্যাট#বি//২, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০২ আগস্ট, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। | ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর নির্ধারণ করা হয়েছে। |
| (২) | বাড়ী#২৬/সি ফ্ল্যাট#সি-২, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ফজলুল হক খান বাড়ী#২৬/সি, রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ৩১ জানুয়ারি, ২০০৮ | (১) ডাঃ মোঃ মুজিবুর রহমান, পিতা- মৃত আবু হেনা আব্দুল বারী (২) মিসেস ফেরদৌস রহমান, স্বামী- ডাঃ মোঃ মুজিবুর রহমান, ৪/১, কলেজ এরিয়া (১০, কলেজ স্ট্রীট), নিউ মর্কেট, ঢাকা-১২০৫। | ১৬ জুলাই, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর নির্ধারণ করা হয়েছে। |
| (৩) | বাড়ী#১/বি, ফ্ল্যাট#১-সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর মোঃ হাবিবুর রহমান (মিসেস সুলতানা আইরীন পারভীন এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী#১/বি, ফ্ল্যাট#১-সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৮ মার্চ, ২০০৯ | মিসেস ইয়াসমিন, স্বামী- মেজর মোঃ হাবিবুর রহমান, বাড়ী#১/বি, ফ্ল্যাট#১-সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০২ আগস্ট, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর নির্ধারণ করা হয়েছে। |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ০৩(তিন)টি ফ্ল্যাট সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তর করার জন্য অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৭৬০ বর্গফুট বা ১২.১৭ কাঠা জমি বিশিষ্ট ১৫/সি নং প্লটের ইজারা গ্রহীতা ছিলেন জনাব কাশেম আলী আদমজী। জনাব কাশেম আলী আদমজী গত ০৬ জুলাই, ১৯৯৮ তারিখ মৃত্যবরণ করার পর তাঁর ছেলে জনাব সাব্বির কাশিম আলী ও মেয়ে বেগম ফাতিমা কাশেম আলীর নামে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি নামজারী করা হয়। জনাব সাব্বির কাশিম আলী ও বেগম ফাতিমা কাশেম আলী গত ২১ জুলাই, ২০০৯ তারিখে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বিক্রয়/হস্তান্তর ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য মিসেস নিলুফার এফ খান, স্বামী- জনাব মোঃ ফারুক খানকে জেনারেল পাওয়ার অব এর্টনী প্রদান করেন। উক্ত পাওয়ার অফ এর্টনী বলে মিসেস নিলুফার এফ খান আলোচ্য প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) জনাব মোহাম্মদ ফারুক খান, পিতা- মরহুম সিরাজুল ইসলাম খান, (২) বেগম কানতারা খালেদা খান, পিতা - জনাব মোহাম্মদ ফারুক খান (৩) বেগম কারীনা খালেদা খান, পিতা- জনাব মোহাম্মদ ফারুক খান এর নিকট বিক্রয়/হস্তান্তর করার জন্য অত্র দপ্তরে ৯/৮/০৯ তারিখে আবেদন করেছেন। এ ব্যপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টা আমমোক্তার-নামা আইনানুগ সঠিক আছে মর্মে আইনী মতামত প্রদান করেছেন।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বিক্রয়/হস্তান্তর করার নিমিত্তে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৪*

আলোচ্যসূচী-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৬৮ নং প্লটটি মিসেস খালেদা করিম খান ১৯৬২ সনে ইজারা প্রাপ্ত হন। মিসেস খালেদা করিম খান মারা যাওয়ার পর ১৮ এপ্রিল, ১৯৯২ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৪ এর মাধ্যমে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তদীয় উত্তরাধিকারী (১) জনাব মোহাম্মদ ফারুক খান (২) জনাব মোহাম্মদ ফিরোজ খান (৩) জনাব মোহাম্মদ আজিজ খান (৪) জনাব জাফর উম্মেদ খান (৫) জনাব মোহাম্মদ লতিফ খান (৬) জনাব মোহাম্মদ ফরিদ খান (৭) জনাব মোহাম্মদ ইমরান খান, সর্বপিতা- মরহুম সিরাজুল করিম খান ও (৮) মিসেস আতিকুর নাহার খান, স্বামী- মরহুম সিরাজুল করিম খান এর নামে নামজারী করা হয়। উল্লেখিত উত্তরাধিকারীগণ গত ১৬ আগস্ট, ২০০৯ তারিখের আবেদনে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তাঁদের সর্বকনিষ্ঠ ভাই জনাব মোঃ ফরিদ খানকে হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিল করে হস্তান্তর করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। এব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে বাড়ীটি হস্তান্তর ক্ষেত্রে কোন আইনগত বাধা নেই মর্মে ১৯ আগস্ট, ২০০৯ তারিখে আইনী মতামত প্রদান করেছেন।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ডিক্লারেশন অব হেবা মূলে দান করার নিমিত্তে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/বি নং ফ্ল্যাটটি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ফ্ল্যাটটি বিক্রয় করা হয়। ক্রমিক নং-২ এ উল্লেখিত ২৩/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক আহসান উল্লাহ এর মৃত্যুজনিত কারণে তাঁর উত্তরাধিকারী (১) মমতাজ আহ্সান, (২) হাসিব মোহাম্মদ আহ্সান, (৩) মারুফ মোহাম্মদ আহ্সান, (৪) ফাইজুন্নিসা, (৫) আশরাফুন নেসা আহ্সান, (৬) নাফিসা আহ্সান, (৭) শামিমা আহ্সান গণের মধ্যে (১) মমতাজ আহ্সান, (২) ফাইজুন্নিসা, ও (৩) আশরাফুন নেসা আহ্সান তাঁদের অংশ অপর ০৪(চার) জনকে ডিক্লারেশন অব হেবামূলে দান করেছেন। প্লটের অননুমোদিত নির্মাণের বিষয়টি নিয়মিত করা হয়েছে। হালনাগাদ গৃহকর পরিশোধ সাপেক্ষে নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ সংশ্লিষ্ট ক্রেতাগণের নামে নামজারী করা যেতে পারে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৫৯, ফ্ল্যাট#৩/বি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ মনিরুজ্জামান খান বাড়ী#৫৯, ফ্ল্যাট#৩/বি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৪ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/খ নং পত্র। | ০৭ জুন, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৫৯/ ফ্ল্যাট নং-৩/বি/৩৯ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা। অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে। গৃহকর নির্ধারণ করা হয়েছে। |
| (২) | বাড়ী#২৩/এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ড. হাসিব মোহাম্মদ আহসান অধ্যাপক, পুরকৌশল বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। | - | - | উত্তরাধিকার/ডিক্লারেশন অব হেবা সূত্রে |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ উল্লেখিত ফ্ল্যাটটি রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতা জনাব মোঃ মনিরুজ্জামান খান এর নামে এবং ক্রমিক নং-২ এ উল্লেখিত ২৩/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) হাসিব মোহাম্মদ আহ্সান, (২) মারুফ মোহাম্মদ আহ্সান, (৩) নাফিসা আহ্সান ও (৪) শামিমা আহ্সান, সর্বপিতা- মরহুম আহ্সান উল্লাহ এর নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৫*

আলোচ্যসূচী-৯ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল লাইন স্থাপন করার নিমিত্তে তালুকদার ট্রেডিং কর্পোরেশনের সাথে চুক্তিপত্র প্রসংগে।

[আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স তালুকদার ট্রেডিং কর্পোরেশন গত ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখে মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডার গ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের জন্য অত্র দপ্তরে আবেদন করে। উক্ত আবেদনটি বোর্ড সভায় উপস্থাপন করা হলে গত ১৮ মে, ২০০৯ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৪ জুন, ২০০৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬০/৩/ ৩৮২ নং পত্রের মাধ্যমে চুক্তি পত্র করার জন্য ১৫০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প অত্র দপ্তরে দাখিল করার জন্য বলা হয়। এপ্রেক্ষিতে খসড়া চুক্তিপত্র প্রস্তুত করা হয়। উক্ত খসড়া চুক্তিপত্রের শর্তাবলীর উপর তালুকদার ট্রেডিং কর্পোরেশন ২৮ জুলাই, ২০০৯ তারিখে অত্র দপ্তরে আপত্তি দাখিল করেছেন। আপত্তি সমূহ নিম্নরূপ ঃ-

(ক) আন্ডার গ্রাউন্ড ক্যাবল ব্যতীত ওভারহেড কোন লাইন না দেয়ার বিষয়ে বাধ্যবাধকতা আরোপ করা।

(খ) প্রতি সংযোগ ফি মাসিক ২৫/- টাকার স্থলে ১০/ টাকা হারে ধার্য করা।

(গ) প্রতি মাসের সংযোগ ফি পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে জমা করার পরিবর্তে ১৫ তারিখ নির্ধারণ করা।

(ঘ) বিলম্বে ফি পরিশোধের প্রতি দিনের জরিমানা ৫০/- টাকার স্থলে ৫/- টাকা ধার্য করা।

(ঙ) চুক্তিপত্র ০৫ বছর পর নবায়ন করা।

(চ) ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩ দিনের নোটিশে ব্যবসা বন্ধ করার পরিবর্তে ০৬ মাসের নোটিশ প্রদান করা।

(ছ) রাস্তা কর্তন ফি মওকুফ করা।

সিদ্ধান্ত ঃ তালুকদার ট্রেডিং কর্পোরেশন এর ২৮ জুলাই, ২০০৯ তারিখের পত্রটির উপর মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় আইডিয়াল ক্যাবল টিভি নেটওয়ার্ক-কে ব্যবসা করার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, আইডিয়াল ক্যাবল টিভি নেটওয়ার্ক, মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি ব্যবসা করার অনুমতি চেয়ে ১৪ সেপ্টেম্বর, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি অত্র দপ্তরের ১৫ অক্টোবর, ২০০৮ তারিখে ঢাক্যাবো/টিআরসি/৫৪/৬/২৩২ নং পত্রে মিরপুর ডিওএইচএস পরিষদে এবং ০৪ জুন, ২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৭/১০৬ নং পত্রের মাধ্যমে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ডিওএইচএস পরিষদ ও ডিজিএফআই হতে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাবল টিভি ব্যবসা করার নিমিত্তে ছাড়পত্র প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বোর্ডসভার অনুমোদিত নীতিমালার আলোকে আইডিয়াল ক্যাবল টিভি নেটওয়ার্ক-কে মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের অনুমতি দানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৬*

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনটি ইজারার নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ০৩ আগস্ট, ২০০৯ তারিখে ০৪ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ নবীর হোসেন মোল্লা কর্তৃক প্রদত্ত মাসিক ভাড়া ২,২০০/- টাকার দরটি সর্বোচ্চ হয়। গত ০২ (দুই) ক্যান্টিন ইজারার সর্বোচ্চ দর নিম্নরূপ ঃ-

| সন | টাকার পরিমান |
|---|---|
| ২০০৭ - ২০০৮ | ২,০০০/- |
| ২০০৮ - ২০০৯ | ২,১০০/- |

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ক্যান্টিনটি ০১ আগস্ট, ২০০৯ তারিখ থেকে ৩১ জুলাই, ২০১০ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য মাসিক ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা ভাড়ায় জনাব মোঃ নবীর হোসেন-কে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ক্যান্টিনের পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল ইজারা গ্রহীতাকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে এবং পরিশোধিত বিলের কপি প্রত্যেক মাসে জমা করতে হবে।

আলোচ্যসূচী-১২ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার ২৮৭/১ নং প্লটে বাড়ী নির্মাণকারী ডেভলোপার প্রতিষ্ঠান এর জমাকৃত জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকা (ক্যান্টনমেন্ট বাজার সংলগ্ন) ২৮৭/১ নং হোল্ডিং এ মেসার্স এম রহমান রাজন আর্কিটেক্ট এন্ড ইঞ্জিনিয়ার কর্তৃক ফ্ল্যাট বাড়ী নির্মাণ করা হয়েছে। উক্ত বাড়ীর নির্মাণ কাজ সম্পন্ন করার পর ডেভলোপার কর্তৃক অত্র দপ্তরে জমাকৃত জামানত ১,০০,০০০/- টাকা ফেরৎ প্রদানের জন্য গত ০৩ ডিসেম্বর, ০৭ তারিখে আবেদন করেন। অতঃপর উক্ত বাড়ীর ফ্ল্যাট ক্রেতাগণ আপত্তি উত্থাপন করায় অত্র দপ্তর হতে সকল ফ্ল্যাট ক্রেতাগণের ছাড়পত্র প্রদানের জন্য অত্র দপ্তরের ১২ মে, ২০০৯ তারিখের ঢাক্যাবো/কচুক্ষেত/২৮৭/১/ ১৬ নং পত্রে অনুরোধ করা হয়। কিন্তু ফ্ল্যাট মালিকগণের নিকট হতে ছাড়পত্র পাওয়া যায় নাই। তবে ফ্ল্যাটসমূহের সেক্রেটারী ডাঃ মেজর ফিরোজ কবির গত ০৭ এপ্রিল, ২০০৮তারিখে জামানতের টাকা ফেরৎ দেয়ার জন্য সুপারিশ করেছেন।

সিদ্ধান্ত ঃ ডেভলোপার কর্তৃক জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ ঃ বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকা হতে সরেজমিনে তথ্য সংগ্রহের জন্য মাস্টার রোলে এক মাসের জন্য ১০ × ৪ = ৪০ জন লোক নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের আওতাধীন ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকায় শসস্ত্র বাহিনীর কর্মকর্তা ছাড়াও বিপুল সংখ্যক বেসামরিক ব্যক্তিবর্গ মালিকানা সূত্রে অথবা ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন। এ সংক্রান্ত কোন সঠিক তথ্য না থাকায় দপ্তরিক প্রয়োজনে প্রায়শঃই নানা বিভ্রাট ঘটে থাকে। এ সমস্যা দূর করার জন্য সরেজমিনে বাড়ী বাড়ী হতে তথ্যাদি সংগ্রহের নিমিত্তে ৩০(ত্রিশ) দিনের জন্য ৪০ (চল্লিশ) জন লোক নিয়োগ করা যেতে পারে। নিয়োগকৃত ব্যক্তিবর্গ কর্তৃক সংগৃহত তথ্যাদি একটি কম্পিউটারাইজড ডাটাবেজে সংরক্ষণ করে এবং সময় সময় পরিবর্তন/পরিবর্ধন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ চাহিদাকৃত তথ্যাদির ফরম প্রস্তুত করে প্রতিটি ডিওএইচএস পরিষদ এর মাধ্যমে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত হলো। ব্যতিক্রম ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতিনিধির মাধ্যমে তথ্য সংগ্রহ করা যেতে পারে। সংগৃহীত তথ্যাদি জরুরী ভিত্তিতে ডাটাবেজে সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

*চলমান পাতা-৭*

আলোচ্যসূচী-১৪ ৪ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নথি ও ফাইলপত্র সংরক্ষণের জন্য একটি কক্ষ নির্মাণ প্রসংগে।

আলোচনা ৪ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ডিওএইচএস বনানীর জন্য ২০৭টি, মহাখালীর জন্য ৬২০ টি, বারিধারার জন্য ৪৯৫ টি, মিরপুর এর জন্য ১০০০ টি ও ক্যান্টনমেন্ট বাজার এলাকার জন্য ২৬২ টি, কচুক্ষেত পুরান বাজার এলাকার জন্য ৫২৫ টি, রজনীগন্ধা সুপার মার্কেট এর জন্য ১০৫০ টি এবং অন্যান্য ৮৪১ সহ সর্বমোট প্রায় ৫০০০ টি নথি রয়েছে। উক্ত ফাইল সংরক্ষণের জন্য কোন পৃথক স্থান না থাকায় অফিস ক্যান্টিনের পাশে অরক্ষিত জায়গায় আলমারীতে রাখা হয়েছে। এ সকল গুরুত্বপূর্ণ ফাইল যথাযথভাবে সংরক্ষণের নিমিত্তে অনতিবিলম্বে একটি রেকর্ড রুম অত্যাবশ্যক।

সিদ্ধান্ত ৪ রেকর্ডরুম নির্মাণের জন্য পর্যাপ্ত স্থান না থাকায় আপাততঃ বিভিন্ন কক্ষের দেয়ালের সাথে ওয়্যারড্রোব তৈরী করে তাতে ফাইল সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে একটি বিস্তারিত নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ ৪ রজনীগন্ধা সুপার মার্কেটের সহযোগী কমিটির নির্বাচন প্রসংগে।

আলোচনা ৪ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মাকের্টের সহযোগী কমিটির মেয়াদ গত ২০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। পরবতীতে উক্ত কমিটির মেয়াদ ৩১ আগস্ট, ২০০৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ জুলাই, ২০০৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের সাথে প্রাপ্ত মার্কেটের ব্যবসায়ীদের ১৪ জুন, ২০০৯ তারিখের আবেদনের মাধ্যমে মার্কেটে সহযোগী কমিটি নির্বাচিত না হওয়া পর্যন্ত তালিকা মোতাবেক এডহক কমিটি করার জন্য অনুরোধ জানানো হয়। উক্ত পত্রের সাথে প্রাপ্ত আবেদনপত্রটি যাচাই করে দেখা গিয়েছে যে, প্রস্তাবিত এডহক কমিটির সদস্যদের মধ্যে অধিকাংশই রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক বা ব্যবসায়ী নন। উক্ত মার্কেটের দোকান মালিক বা ব্যবসায়ী ব্যতীত অন্য কাউকে এডহক কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা সঠিক হবে না মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ৪ আবেদিত তালিকাটি যাচাই-বাছাইপূর্বক রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক অথবা প্রকৃত ব্যবসায়ীদের সমন্বয়ে ১২(বার) সদস্য বিশিষ্ট একটি এডহক কমিটির নাম প্রস্তাব করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ ৪ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী শেডের ব্রয়লার-৩, ১৬ এবং দেশী-৩১ নং দোকানের বরাদ্দ বাতিল প্রসংগে।

আলোচনা ৪ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নব-নির্মিত মুরগী শেডের ব্রয়লার-১৬ নং দোকানটি অত্র দপ্তরের ০৭ আগস্ট, ২০০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মুঃদোঃ/১/৭৫ নং পত্রের মাধ্যমে জনাব মোঃ মনির হোসেন, পিতা-মৃত কামাল উদ্দিন এর নামে বরাদ্দ করা হয়। কিন্তু উক্ত দোকানের ব্যাপারে অভিযোগ উত্থাপিত হলে গত ০৬ আগস্ট, ২০০৯ তারিখে উক্ত দোকানের ভাড়াটিয়া/ব্যবসায়ী জনাব মোঃ ইমন হোসেন এর মৌখিক ও লিখিত জবানবন্দী নেয়া হয়। মোঃ ইমন হোসেন জানান যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ট্যাক্স কালেক্টর সৈয়দ মিজানুর রহমান এর নিকট থেকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অগ্রীম প্রদান করে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে ভাড়া পরিশোধ করছেন। উক্ত মুরগী শেডেরে দেশী-৩১ নং দোকানটি অত্র দপ্তরের ৭ আগস্ট, ২০০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/

*চলমান পাতা-৮*

মুঃদোঃ/১/৫২ নং পত্রের মাধ্যমে জনাব মোঃ মোবারক হোসেন, পিতা-শেখ দলিল উদ্দিন এর নামে বরাদ্দ করা হয়। পরবর্তীতে উক্ত দোকানের ব্যাপারে অভিযোগ উত্থাপিত হলে গত ০৬ আগস্ট, ২০০৯ তারিখে উক্ত দোকানের ভাড়াটিয়া মোঃ আব্দুল মতিন এর মৌখিক ও লিখিত জবানবন্দী নেয়া হয়। তিনি অর্থাৎ ভাড়াটিয়া আব্দুল মতিন জানান যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ট্যাক্স কালেক্টর সৈয়দ মিজানুর রহমান এর নিকট থেকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অগ্রিম হিসেবে মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ভাড়া পরিশোধ করছে। এছাড়াও ব্রয়লার-৩ নং দোকানটি অত্র দপ্তরের ৭ আগস্ট, ২০০৮ তারিখের ঢাক্যাবো/ রঃগঃসুঃমাঃ/মুঃদোঃ/১/৮২ নং পত্রের মাধ্যমে মোঃ হাসান মাহমুদ, পিতা-আবু তালেবকে বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু উক্ত দোকানের ব্যাপারে অভিযোগ উত্থাপিত হলে অত্র দপ্তরের ১৭ জুন, ২০০৯ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মুঃদোঃ/বি-৩০/১৯ নং পত্রে ২৫ জুন, ২০০৯ তারিখের মধ্যে ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও দোকানের টু-লেট দেওয়ার ব্যাপারে মতামত চাওয়া হয়। কিন্তু উক্ত দোকানের বরাদ্দলাভকারী অদ্যাবধি কোন জবাব দেননি। তাছাড়া উক্ত বরাদ্দলাভকারীর প্রদত্ত ঠিকানা ২৬২ নং ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাসের ঠিকানায় তদন্তে জানা যায় যে, জনাব মোঃ হাসান মাহমুদ, পিতা- আবু তালেব এর নামে কোন ব্যক্তি ঐ বাসায় কখনও ছিলনা বা এখনও থাকেনা।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের নব-নির্মিত মুরগী শেডে ব্রয়লার-৩, ব্রয়লার-১৬ এবং দেশী-৩১ নং দোকানের বরাদ্দ বাতিলসহ উক্ত দোকান তিনটি প্রকাশ্য নিলামের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ট্যাক্স কালেক্টর সৈয়দ মিজানুর রহমান এর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হোক।

আলোচ্যসূচী-১৭ ঃ দি ঢাকা মার্কেন্টাইল কো-অপারেটিভ ব্যাংক লিঃ কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় বাড়ী ও রোড নম্বর সম্বলিত ব্যাংকের সাইনবোর্ড লাগানোর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, দি ঢাকা মার্কেন্টাইল কো-অপারেটিভ ব্যাংক লিঃ মিরপুর ডিওএইচএস এলাকায় বাড়ী ও রোড নম্বর সম্বলিত ব্যাংকের সাইনবোর্ড লাগানোর অনুমতি চেয়ে অত্র দপ্তরে ১৬ জুলাই, ২০০৯ তারিখে আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-১৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | জনাব এ কে এম ইলিয়াস আলী | ৩৯৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (২) | বিডি-৬০১৩ উইং কমান্ডার (অবঃ) মোঃ বদরুল ইসলাম, পিএসসি | ৩৭০ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ-১৯৯২ লেঃ কর্নেল হাসান রহান রাব্বী | ৫৫০ | মিরপুর ডিওএইচএস | ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন |
| | বিডি-৭১৫১ গ্রুপ ক্যাপ্টেন হাসীবুল হাসান, জিডি (পি) | ৫৫২ | | |
| (৪) | বিএ-১০০২৬৭ লেঃ কর্ণেল এ এম এ সালাম সরকার, এএমসি | ৫০০ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১১০০৯৪ লেঃ কর্ণেল আশরাফুন নেসা, এএমসি | | | |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৫) | পি নং-৩৪৯ কমান্ডার মোঃ আব্দুল জব্বার, বিএন | ৬২১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএ-১৭৩০ কর্ণেল এ টি এম মেসবাহ উদ্দিন সেরনিয়াবত (অবঃ) | ২৫০ | মিরপুর ডিওএইচএস | ০২ (দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ |
| | বিএ-১৭৩৩ লেঃ কর্ণেল শাহিদ আহমেদ (অবঃ) | ২৪৮ | | |
| (৭) | বিএ-২০০৫ লেঃ কর্ণেল মোঃ মামুন আর রশীদ (অবঃ) | ৪৪২ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিএ-১৬৬৫ মেজর জেনারেল মুহাম্মদ ফেরদৌস মিয়া, পিএসসি | ১৭৪ | মিরপুর ডিওএইচএস | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| | বিএসএস-১৬৬৬ কর্ণেল এ বি এম শামসুদ্দোহা, এলএসসি (অবঃ) | ১৭৬ | | |
| (৯) | বিএ-৪০৫ মেজর জেনারেল আবুল মুনিম মনসুর আহমদ, পিএসসি (অবঃ) | ১৭৪ | ডিওএইচএস বারিধারা | সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (ইতোপূর্বে ৫ তলা ভবনের নকশা অনুমোদন করা হয়। বাস্তবে তিন তলা ভবন নির্মাণ করা হয়েছে। বর্তমানে ৩য় তলার উপর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ করা হবে) |
| (১০) | (ক) বেগম রোকেয়া আখতার<br>স্বামী- মরহুম লেঃ কর্ণেল এ কে এম আক্তারুজ্জামান<br>(খ) লায়লা আখতার<br>(গ) কাসেখ আখতার জাহান<br>সর্বপিতা- মরহুম লেঃ কর্ণেল এ কে এম আক্তারুজ্জামান | ৪৬৫ | ডিওএইচএস বারিধারা | সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১১) | বেগম তহুরা জামাল | ৪৭৬ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১২) | জনাব হাফিজুর রহমান | ২৩/২ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা ভবন |
| (১৩) | লেঃ কর্ণেল (অবঃ) নুরুল হক | ৪৬ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন ৩তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৪) | জনাব আব্দুল করিম | সিবি-১৪১/১, কচুক্ষেত পুরান বাজার | সিএস-১১১ ও ১২৪ (অংশ) মৌজা-লালাসরাই | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন টিনশেড ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৫) | জনাব তাজুল ইসলাম মঞ্জু | সিবি-২৩৯/৩, কচুক্ষেত পুরান বাজার | সিএস-১৪১ ও ১৪২ (অংশ) মৌজা-লালাসরাই | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন টিনশেড ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৬) | জনাব মোঃ আব্দুল বারী | সিবি-২২৬, কচুক্ষেত পুরান বাজার | সিএস-১৪০ (অংশ) মৌজা-লালাসরাই | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন টিনশেড ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৬ (ষোল)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ থেকে ৮ এ উল্লেখিত মোট ০৮(আট)টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং ক্রমিক নং-৯ থেকে ১৬ এ উল্লেখিত নকশাগুলোর জন্য রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ জমা সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১০*

আলোচ্যসূচী-১৯ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২০৭ নং প্লটে নকশা অনুমোদন এবং সিবি-২০৮/৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ ও প্রবেশ পথ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২০৭ নং প্লটে বেগম আয়েশা আক্তার গং কর্তৃক গত ১৬ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে ০৬ তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের জন্য দাখিল করেছেন। অপরদিকে সিবি ২০৮/৬ নং প্লটের মালিকগণ উক্ত প্লটে প্রবেশ রাস্তা বন্ধ করে দিয়েছেন মর্মে অভিযোগ করে সিবি-২০৭ নং প্লটে নকশা অনুমোদনের ব্যাপারে আপত্তি করছেন। এ ব্যাপারে জানতে চাওয়া হলে সিবি-২০৭ নং প্লটের মালিক জনাব মোঃ আনোয়ার উল্লাহ গং ২৪ ডিসেম্বর, ২০০৮ তারিখের পত্রে দাবী করেন যে, সিবি-২০৮/৬ নং প্লটে যাতায়াতের কোন রাস্তা নেই। তারা সিবি-২০৭ নং প্লটের খালি জমির উপর দিয়ে অবৈধ ভাবে রাস্তা দেখিয়ে নকশা অনুমোদন করিয়ে নিয়েছেন। এছাড়াও সিবি-২০৮/৬ নং প্লটের মালিকগণ সিবি-২০৭ নং প্লটের কিছু জমি জবর দখল করে ভবন নির্মাণ করছেন। উল্লেখ্য যে, উক্ত প্রবেশ রাস্তার স্বপক্ষে সিবি-২০৮/৬ নং প্লট মালিকদের নিকট কোন কাগজপত্র নেই। তাদের মৌখিক দাবী সিবি-২০৭ নং প্লটের মালিক মোঃ আব্দুল গফুর এবং আনোয়ার উল্লাহ রাস্তা দেখিয়ে ২০৮/৬ নং প্লটের জমি বিক্রি করেছেন। সিবি-২০৮/৬ নং প্লটে বিগত ১৮ মে, ২০০৬ তারিখে ০৬ তলা আবাসিক ভবনের নকশা অনুমোদন করা হয়েছে। সেপ্রেক্ষিতে ভবনটি নির্মাণাধীন। সিবি-২০৮/৬ নং প্লটের মালিকগণ অনুমোদিত নকশার ব্যত্যয় ঘটিয়ে প্লটের চারপাশে নকশায় নির্দেশিত জমি না ছেড়ে এবং ২য় তলায় ক্যান্টিলিভার করে অননুমোদিত নির্মাণ করছেন। উল্লেখিত অননুমোদিত নির্মাণ অপসারনের জন্য ১১ এপ্রিল, ২০০৭ তারিখে, ০৭ জুলাই, ২০০৯ তারিখে এবং ২৯ জুলাই, ২০০৯ তারিখে পত্র দেওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত অননুমোদিত নির্মাণ অপসারন করা হয়নি। ইতোমধ্যে সিবি-২০৮/৬ নং প্লটের মালিক জনাব মোঃ মোবারক হোসেন গত ১১ জুলাই, ২০০৮ তারিখে এবং ১৫ জুলাই, ২০০৯ তারিখে মাননীয় সেনাবাহিনী প্রধান বরাবরে পরপর দুইটি আবেদন করে উল্লেখ করেছেন যে, ২০৮/৬ নং প্লটে যাতায়াতের ১২'-০" প্রশস্ত রাস্তার একটি চুক্তিপত্র দলিল জনাব মোঃ আব্দুল গফুর এর নিকট সংরক্ষিত আছে কিন্তু তিনি তা অন্যান্য মালিকদেরকে দিচ্ছেন না। তদুপরি গত ২০ জানুয়ারি, ২০০৯ তারিখে সিবি-২০৭ নং প্লটের মালিক আব্দুল গফুর, আনোয়ার উল্লাহ ও কামরুল ইসলাম রাস্তার সীমানা দেওয়াল ঘেষে গর্ত খুঁড়ে সীমান দেওয়ালটি ভেঙ্গে দিয়েছেন। সিবি-২০৭ নং প্লটের মালিক বেগম আয়েশা আক্তার গং ১৪-০৭-২০০৯ তারিখে মাননীয় সেনাবাহিনী প্রধান বরাবরে একটি আবেদন করেছেন (পতাকা 'জ')। উক্ত আবেদনে তারা অভিযোগ করেছেন, সিবি-২০৭ নং প্লটের ০.১৯ শতাংশ খালি জমি জবর দখল করেছেন এবং ২০৮/৬ নং প্লটে যাতায়াতের রাস্তা না থাকা স্বত্তেও সিবি-২০৭ নং প্লটের খালি জমির উপর দিয়ে রাস্তা দেখিয়ে ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদন করিয়ে নিয়েছেন। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ জুলাই, ২০০৯ তারিখের পত্রের নির্দেশনার প্রেক্ষিতে অত্র দপ্তরের সহকারী প্রকৌশলী জনাব মোঃ সোলায়মান মিয়া এবং এমইও'র একজন সার্ভেয়ার/ড্রাফটসম্যান সমন্বয়ে উল্লেখিত প্লট দুইটি সরেজমিনে পরিমাপ করেন। জরিপ প্রতিবেদন নিম্নে প্রদত্ত হলোঃ-

i. সিবি-২০৮/৬ নং প্লটে মিউটেশনকৃত জমির পরিমান ০.১৭০০০ একর বা ১৭.০০০ শতাংশ।
ii. সরেজমিন পরিমাপে জমি পাওয়া গেছে ০.১৭৬৩০ একর বা ১৭.৬৩০ শতাংশ অর্থাৎ মিউটেশনকৃত জমি হতে সরেজমিনে ০.০০৬৩০ একর জমি বেশী।
iii. অনুমোদিত নকশায় ভবনের নীচ তলায় প্লিন্থ এরিয়া ৫.৮২৬.৯৩৮ বর্গফুট।
iv. নির্মাণাধীন ভবনের নিচ তলায় প্লিন্থ এরিয়া ৬০০০.০০৪ বর্গফুট।
v. এছাড়া ভবনের ২য় তলা হতে ৬ষ্ঠ তলা পর্যন্ত প্রতি তলার প্লিন্থ এরিয়া ৭০১৪.২৪২ বর্গফুট।
vi. অপরদিকে সিবি-২০৭ নং প্লটে মিউটেশনকৃত জমির পরিমান ০.১৭৭৬৫ একর বা ১৭.৭৬৫ শতাংশ।
vii. সরেজমিন পরিমাপে জমি পাওয়া গেছে ০.১৪৩৬০ একর বা ১৪.৩৬০ শতাংশ যা মিউটেশনকৃত জমি হতে ০.০৩৪০৫ একর জমি কম।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) সিবি-২০৮/৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য একবাধিকবার নোটিশ প্রদান করা সত্ত্বেও তা অপসারণ না করায় অনুমোদিত নকশা বাতিল করণ;
(খ) সরকারী কর্মচারীদের হুমকী প্রদানকারীদের বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা গ্রহণ;
(গ) আপত্তিসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সিবি-২০৭ নং প্লটের নকশা অনুমোদন না করণ।

*চলমান পাতা-১১*

আলোচ্যসূচী-২০ ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০০৯ উপলক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ১,০১,৯২১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৯১,০৪৮/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৩) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২৮,০৫০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৪) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৮৭,০০৬/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৫) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৭৩,৩৬৯/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৬) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ১,০৬,০৮৪/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৭) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৫৪,৪৩৮/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৮) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৬৮,৪৯৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৯) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৩১,৭৮৯/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১০) | সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৫৯,৭৪০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১১) | রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানী হতে কোম্পানীর দরে ১৫০ গ্যালন সাদা এবং ৩৮ গ্যালন হলুদ রোড মার্কিং পেইন্ট এবং জেনসলিন থিনার টি-৪৪০ গ্যালন ক্রয়করণ। | ৩,৫৪,৩৩২/- টাকা | অনুদান |
| (১২) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে মেশিনের সাহায্যে রোড মার্কিংকরণ। | ১,৪২,৫৭১/- টাকা | অনুদান |
| (১৩) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৫৪,৮৫৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৪) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৫৭,৬০৩/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন সশস্ত্র বাহিনী দিবস, ২০০৯ উপলক্ষে সেনানিবাসের ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, বিউটি স্পট ইত্যাদি মেরামতসহ রং করা প্রয়োজন। তাই উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৪ (চৌদ্দ)টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১১ ও ১২ এ উল্লেখিত কাজের মূল্যানুমান অনুমোদনের জন্য এবং অবশিষ্ট ১২(বার)টি কাজের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের পূর্ব পার্শ্বে ফুটপাত নির্মাণ কাজ (রোড নং-২ হতে রোড নং ১০ পর্যন্ত)। | ৯,১৯,৭৯৬/- টাকা | অনুদান/বোর্ডফান্ড |
| (২) | শহীদ সরণিস্থ স্টাফ রোডে এবং এএফডির সম্মুখে এমপি কর্তৃক ব্যবহৃত ট্রাফিক পোস্ট দু'টি পুনঃনির্মাণ কাজ। | ৮০,৩০০/- টাকা | অনুদান |
| (৩) | শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজের পশ্চিম প্রান্ত হতে উত্তর দিকে সিএমএইচ পর্যন্ত শহীদ সরণির ফুটপাত মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩৭,৪৬৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | মুসলিম মডার্ণ একাডেমীতে অত্যাবশ্যকীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৬০,৬৭০/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (৫) | বারিধারা ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে নির্মিতব্য নতুন বাউন্ডারী ওয়াল সংলগ্ন ইঞ্জিনিয়ার ব্রিগেড এর এক্সপ্লোসিভ এর নিরাপত্তার জন্য ডিওএইচএস এর বাউন্ডারী ওয়াল এর উচ্চতা বৃদ্ধিসহ জিআই পাইপ দ্বারা জিআই ওয়্যার নেট স্থাপন কাজ। | ২,৮৮,০০৫/- টাকা | সংশোধিত মূল্যানুমান বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল ১৪ ইঞ্জিনিয়ার ব্রিগেডের পত্রের প্রেক্ষিতে |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| ) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৩টি পরীক্ষাগার ও ০১টি পাঠাগার মেরামত করে সুষ্ঠ পাঠদানের উপযোগীকরণ। | ২,৮১,৬৬৭/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (৭) | বনানী কবরস্থানে ফুটপাতের পার্শ্বের ভেঙ্গে যাওয়া পুরাতন ওয়াল ও গ্রীল মেরামত ও রংকরণ কাজ। | ৬৪,৪৫৮/- টাকা | বোর্ড ফান্ড |
| ৮) | ডিজিএমএস অফিসার্স কোয়ার্টার এলাকা হতে ভাষাণটেক এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তায় জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি সরবরাহ ও স্থাপন কাজ (আর্মি এমপি ইউনিটের পত্রের প্রেক্ষিতে)। | ৩,১৫,৬৮৮/- টাকা | অনুদান |
| ৯) | সেনাপল্লী হাই স্কুলের ল্যাবরেটরী রুমে কম্পিউটার স্থাপনের জন্য পাওয়ার পয়েন্ট স্থাপন কাজ। | ২২,১৯০/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (১০) | মহাখালী ডিওএইচএস এর ২ নং পানির পাম্প হতে বনানী এমপি চেকপোস্ট পর্যন্ত লিংক রোডের পশ্চিম পার্শ্বে ফুটপাত নির্মাণ কাজ। | ৮,৮১,৯৬৭/- টাকা | মহাখালী ডিওএইচএস এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ হতে। |
| (১১) | সেনাপল্লী হাই স্কুল ভবনের অত্যাবশ্যকীয় সংস্কার মেরামত কাজ। | ৩,৫৭,৮৭৮/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে |
| (১২) | মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের সেবা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডিওএইচএস পরিষদ ভবনের পার্শ্বে সেমি-পাকা অফিস ভবন নির্মাণ। | ১২,২৫,৫৫৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৩) | অতি বর্ষণের কারণে মিরপুর ডিওএইচএস এর দক্ষিণ দিকের ধ্বসে যাওয়া নিরাপত্তা দেয়াল পুনঃ নির্মাণ। | ১,৯৫,২৯২/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৪) | অতি বর্ষণের কারণে মিরপুর ডিওএইচএস এর ১ম ধাপের ক্ষতিগ্রস্থ বিভিন্ন রাস্তা মেরামত। | ১,১২,২৭৬/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৫) | মিরপুর ডিওএইচএস এর ৬০-০″ রাস্তার আংশিক ধ্বসে যাওয়া অংশ মেরামত কাজ। | ৪,৯৩,৬৪২/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৬) | ক্যান্টনমেন্ট বোর্ড ষ্টাফ কোয়ার্টারের ৪৮/এ নং বাসার ৯নং ফ্ল্যাট (৫ম তলার দক্ষিণ পার্শ্বে) মেরামত ও সংস্কার কাজ। | ৩৯,৯৭৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৭) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে অতি বৃষ্টির কারণে সৃষ্ট পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ৯৮,৮০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৮) | স্বাধীনতা সরণিতে যানবাহনের গতি নিয়ন্ত্রণের জন্য স্পীড ব্রেকার নির্মাণ এবং শহীদ সরণিতে ট্রাষ্ট ব্যাংকের সম্মুখে রোড ডিভাইডারের দ্বিমুখী কানেক্টিং পাইপ পরিবর্তনসহ পুনঃস্থাপন কাজ। | ১,২০,০০০/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৯) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর সরকারী বাসভবনের দীর্ঘ দিনের পুরাতন রান্না ঘরের ফ্লোর ও দেয়ালে টাইলস স্থাপনসহ অনুষঙ্গিক মেরামত কাজ। | ৪২,২৯১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২০) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনের ও অফিস সংলগ্ন রাস্তায় বিটুমিনাস সীলকোটকরণ। | ১,৯৩,৯২৬/- টাকা | বোর্ড ফান্ড |
| (২১) | মুসলিম মডার্ণ একাডেমীর উত্তর পার্শ্বের খালি জায়গায় প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদের জন্য নব-নির্মিত বাসস্থানের বাউন্ডারী ওয়াল ও নিরাপত্তার জন্য নেটের জালী নির্মাণ কাজ। | ৯৭,৭৫৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২২) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর সরকারী বাসভবনের দক্ষিণ পার্শ্বে সলিং রাস্তা নির্মাণকরণ। | ৩০,০৯০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং প্লটের তিন দিকে রডের নেটের জালী সরবরাহ ও স্থাপন। | ১,০৪,৬৯৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদের পূর্ব পার্শ্বের রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং কাজ ও ড্রেন নির্মাণ। | ১২,২০,৫৩২/- টাকা | অনুদান/বোর্ড ফান্ড |
| (২৫) | মিরপুর ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে পলাশ বিল্ডিং সংলগ্ন পুকুরের পানি নিষ্কাশনের জন্য পিভিসি পাইপ স্থাপন প্রসংগে। | ১,১১,৫০৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২৬) | স্বাধীনতা চত্বরে ৭ জন বীর শ্রেষ্ঠের নাম ফলক ও ছবি পুনর্জীবন, মূল ফলকের পুনর্লিখন ও রংসহ ফেন্সিং/ গ্রীল মেরামত/পুনঃনির্মাণ। | ৫,০০,৪৭৬/- টাকা | অনুদান (স্টেশন সদর দপ্তরের ২৫/৮/০৯ তারিখের ৬১৯/৪/এ/কিউ নং পত্রের প্রেক্ষিতে) |
| (২৭) | শাপলা চত্বরের শাপলা রংকরণ, গ্রীল মেরামত ও পুনঃস্থাপনসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ। | ৩,১৯,৫৩৩/- টাকা | অনুদান (স্টেশন সদর দপ্তরের ২৫/৮/০৯ তারিখের ৬১৯/৪/এ/কিউ নং পত্রের প্রেক্ষিতে) |
| (২৮) | মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে বাংলাদেশ নৌ বাহিনী ও বাংলাদেশ সেনাবাহিনীর 'এ' টাইপ কোয়ার্টারের সম্মুখের রাস্তা ধ্বসে যাওয়ায় ৪ -০″ ব্যাসের আরসিসি পাইপ পুনঃস্থাপন ও পুরাতন স্যুয়ারেজ লাইন পরিষ্কারকরণ। | ১,৪৭,৭৪০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উপরোক্ত ২৮ (আটাশ)টি কাজের মূল্যানুমান যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ২৮(আটাশ)টি কাজের মধ্যে ক্রমিক নং-১ এ উল্লেখিত কাজটি সরেজমিন পরিদর্শন এবং ক্রমিক নং-১২ এর কাজটি মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে আগামী সভায় উপস্থাপন করা হোক। অবশিষ্ট ২৬ (ছাব্বিশ)টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-৩, ১৬, ১৭, ১৯, ২১, ২২, ২৩ ও ২৮ এ বর্ণিত কাজগুলোর জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট ১৮টি কাজের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

*চলমান পাতা-১৩*

আলোচ্যসূচী-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহসসফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াসার অবৈধ স্থাপনা অপসারণ করায় উক্ত প্লটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫,০৬৭/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং প্লটে নির্মিত কোয়ার্টারের ২য় তলার উপর ৩য় এবং ৪র্থ তলায় ৪টি ফ্ল্যাট নির্মাণ। | ৩,৭১,৭৭১/- টাকা | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স |
| (৩) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ৬৩,৬৩৫/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স |
| (৪) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ১৯,৪০৮/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| (৫) | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ৬/এ হতে গলফ ক্লাব পর্যন্ত উত্তর পার্শ্ব দিয়ে ড্রেন নির্মাণ কাজ। | ৩৭,৬১৬/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| (৬) | বনানী ডিওএইচএস এলাকার খেলার মাঠের চতুর্দিকে ওয়াকওয়ে নির্মাণ কাজ। | ৬০,৯৪২/- টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত ০৬(ছয়)টি মেরামত/প্রকল্প সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ০৬(ছয়) টি প্রকল্পের বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন/নির্মিত বাড়ী এবং বিভিন্ন প্রকার উন্নয়নমূলক কাজ তদারকির জন্য শূন্য পদের বিপরীতে মাস্টাররোলে একজন কার্যসহকারী ও ইলেক্ট্রিক হেলপার নিয়োগসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে একজন রাজমিস্ত্রি নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১ম ও ২য় ধাপে কয়েকশ প্লটে বাড়ী নির্মাণ কাজ চলছে। উক্ত প্লটসমূহে নির্মাণাধীন বাড়ীতে অননুমোদিত নির্মাণ কাজ তদারকির জন্য বর্তমানে অত্র দপ্তরে পর্যাপ্ত লোকবল নেই। সার্বক্ষণিক তদারকির জন্য একজন কার্যসহকারী ও অননুমোদিত নির্মাণ অপসারণের জন্য একজন রাজমিস্ত্রি মাস্টার রোলে নিয়োগ করা যেতে পারে। এছাড়াও উক্ত এলাকার বৈদ্যুতিক লাইন ও নিরাপত্তা বাতি তদারকির জন্য একজন ইলেক্ট্রিক লাইনম্যান হেলপার নিয়োগ করার বিষয়েও সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এলাকার নির্মাণ কাজ, উন্নয়ন প্রকল্প এবং বৈদ্যুতিক লাইন ও নিরাপত্তা বাতি তদারকির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে একজন কার্যসহকারী, একজন রাজমিস্ত্রি ও একজন ইলেক্ট্রিক লাইনম্যান হেলপার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, কার্যসহকারী ও ইলেক্ট্রিক হেলপার এর নিয়োগ শূন্যপদ পূরণ না হওয়া পর্যন্ত যথাক্রমে প্রতিদিন ২০০/- টাকা ও ১৫০/- টাকা হারে মাস্টার রোলে নিয়োগ দেয়া হোক। রাজমিস্ত্রিকে মাস্টার রোলে নিয়োগের জন্য দৈনিক ১৫০/- টাকা মজুরীতে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এর ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করতে হবে। মাস্টার রোলে রাজমিস্ত্রি নিয়োগের নিমিত্তে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শহীদ মিনার নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ০৬ টি স্কুল ও ০১টি কলেজে কোন শহীদ মিনার নাই। মহান ভাষা শহীদদের স্মরণে প্রত্যেক স্কুল ও কলেজে শহীদ মিনার নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের জন্য একটি, মুসলিম মডার্ণ একাডেমীর জন্য একটি এবং আদর্শ বিদ্যানিকেতন মানিকদীর জন্য একটিসহ মোট ০৩(তিন)টি শহীদ মিনার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিপদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় অনুদান/বোর্ডফান্ড হতে সংকুলান করা যেতে পারে।

*চলমান পাতা-১৪*

আলোচ্যসূচী-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তির অনুমোদিত নীতিমালা অনুযায়ী বছরে ০২(দুই) বার, ফেব্রুয়ারি এবং আগস্ট মাসে ঠিকাদার তালিকাভুক্তি করা হয়ে থাকে। আগস্ট, ২০০৯ পর্যন্ত অত্র দপ্তরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে নিম্নবর্ণিত ০৬(ছয়)টি প্রতিষ্ঠানকে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্রমিক নং | ফার্মের নাম ও ঠিকানা |
|---|---|
| (১) | মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স<br>প্রোঃ মোঃ রাহাত, ১৯৬/১<br>ভূঁইয়াটেক, ঢাকা সেনানিবাস। |
| (২) | মেসার্স আল ফালাহ্ এন্টারপ্রাইজ<br>প্রোঃ মেজর মোঃ সাইফুর রহমান (অবঃ)<br>১১৯/১, দক্ষিণ কাফরুল, কাফরুল, ঢাকা-১২০৬ |
| (৩) | মেসার্স আর কে বিল্ডার্স<br>প্রোঃ কাজী জাহাঙ্গীর হোসেন<br>প্লট নং-এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬। |
| (৪) | মেসার্স কে আর ট্রেড ইন্টারন্যাশনাল<br>প্রোঃ মোঃ মোকসেদ আলম<br>৭৪৪/৩, ইব্রাহীমপুর, কাফরুল, ঢাকা-১২০৬। |
| (৫) | মেসার্স জ্বীম এন্টারপ্রাইজ<br>পোঃ মোঃ মাহাবুব খান<br>৩০৩, কাওলার মধ্যপাড়া, ছন্দারটেক, দক্ষিণখান, ঢাকা। |
| (৬) | মেসার্স মাহাথীর এন্টারপ্রাইজ<br>প্রোঃ মিসেস ফরিদা ইসলাম খুকুমণি<br>২০/১৩, রূপনগর হাউজিং এস্টেট, মিরপুর, ঢাকা |

সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে উপরোল্লিখিত ০৬(ছয়)টি প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন শিশু পার্ক মেরামত, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন প্রসংগে (স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৬/৬/২০০৯ তারিখের ৭০১/১০/বোর্ড/কিউ-৩ নং পত্র)।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন শিশু পার্ক মেরামত/সংস্কারের অভাবে বর্তমানে বেহাল অবস্থা বিরাজ করছে। এ ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস কর্তৃক একটি অফিসার্স পর্ষদ গঠন করে তার সুপারিশ ও মতামতের উপর কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ অফিসার্স পর্ষদের সুপারিশ অনুযায়ী শিশু পার্ক মেরামতের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ ঃ স্বাধীনতা সরণিতে একটি স্টীল ফুট ওভার ব্রিজ নির্মাণ প্রসংগে (সেনাসদর, জিএস শাখা, ওভারসিজ তত্ত্বাবধায়ক পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯/৮/০৯ তারিখে পত্র)।

আলোচনা ঃ জীবনের ঝুঁকি এড়ানোর জন্য স্বাধীনতা সরণিতে একটি স্টীল ফুট ওভার ব্রিজ নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ আপাততঃ স্পীড ব্রেকার স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। স্টীল ফুট ওভার ব্রিজ স্থাপন করার প্রয়োজন নেই।

চলমান পাতা-১৫

আলোচ্যসূচী-২৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার মেট্রো-অ-১১-০৭৪৯ নম্বর গাড়ীর বডি এবং চেচিস মেরামত ও সম্পূর্ণ গাড়ী রং করণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ নং গাড়ীটির কেবিন, চেসিচ ও বডির বিভিন্ন অংশ এবং ডিফেনসিয়ালের পিনিয়াম ভেঙ্গে যাওয়ায় গাড়ীটি মেরামত ও সম্পূর্ণ গাড়ী রং করার নিমিত্তে দরপত্র আহবান করা হলে ১৬ আগষ্ট, ২০০৯ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স জুঁই এন্টারপ্রাইজ, ৫৪৪/১ উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৬৪,১১০/-(এক লক্ষ চৌষট্টি হাজার একশত দশ) টাকার দরটি সর্বনিম্ন হয়।

সিদ্ধান্ত ঃ মেসার্স জুঁই এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ১,৬৪,১১০/-(এক লক্ষ চৌষট্টি হাজার একশত দশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএটিসি খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৯ ঃ বনানী ডিওএইচএস এলাকার বাসাবাড়ী হতে ময়লা সংগ্রহের নিমিত্তে ০৬(ছয়) টি ভ্যানগাড়ী ও ০৬(ছয়) জন ভ্যান চালক প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকার বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা সংগ্রহের জন্য ০৬(ছয়)টি ভ্যানগাড়ী এবং ক্লিনার প্রদানের জন্য বনানী ডিওএইচএস পরিষদ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ বনানী ডিওএইচএস এলাকার পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিশ্চিত করার লক্ষে ০৪(চার) টি ভ্যানগাড়ী প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। ভ্যান চালক ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগ করতে হবে।

আলোচ্যসূচী-৩০ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার বাসাবাড়ী হতে ভ্যানগাড়ীর মাধ্যমে ময়লা-আবর্জনা সংগ্রহ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা ভ্যানগাড়ী দ্বারা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানের ডাষ্টবিনে রাখার ব্যবস্থা গ্রহণের ব্যাপারে কচুক্ষেত পুরান বাজার এলাকার কয়েকজন বাসিন্দা ১৫ জুলাই, ২০০৯ ইং তারিখে একটি আবেদনপত্র দাখিল করেন। এ জন্য প্রতিটি বাড়ী হতে নির্ধারিত হারে ফি আদায় করে উক্ত কাজের ব্যয় নির্বাহ করা হবে বলে উক্ত পত্রে জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ নিজস্ব ব্যবস্থাপনায় বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহ করে নির্ধারিত ডাস্টবিনে ফেলার জন্য অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এ কাজে প্রতিটি বাসা-বাড়ী হতে প্রতি মাসে সর্বোচ্চ ৩০/- (ত্রিশ) টাকা আদায় করা যাবে।

আলোচ্যসূচী-৩১ ঃ আর্মি আবাসিক/ইউনিট এলাকার ময়লা সংগ্রহের কাজে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং ঢাকা মেট্রো- ম-০৫-০০১৬ নম্বর গাড়ীর জন্য ১২ ভোল্ট ২৫ প্লেট ব্যাটারী সরবরাহ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি আবাসিক/ইউনিট এলাকার ময়লা/ আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী শাখার গাড়ী নম্বর ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ এর জন্য ০১(এক)টি ১২ ভোল্ট ২৫ প্লেট লুকাস ব্যাটারী সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ১৮ আগষ্ট, ২০০৯ ইং তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এ্যান্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৪,৩৬২/-(চৌদ্দ হাজার তিনশত বাষট্টি) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ ১২ ভোল্ট ২৫ প্লেট এর একটি লুকাস ব্যাটারী সরবরাহের নিমিত্তে টায়ার এ্যান্ড ব্যাটারী বাজার কর্তৃক প্রদত্ত ১৪,৩৬২/-(চৌদ্দ হাজার তিনশত বাষট্টি) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, ভবিষ্যতে সরাসরি কোম্পানীর নির্ধারিত দরে সরাসরি কোম্পানী হতে গাড়ীর ব্যাটারী ক্রয় করা যেতে পারে।

*চলমান পাতা-১৬*

আলোচ্যসূচী-৩২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় সিকিউরিটি সার্ভিস প্রদানের বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সম্প্রতি ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন বাসাবাড়ীতে ইদানিং চুরির ঘটনা বৃদ্ধি পেয়েছে। এ কারণে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় চুরি রোধ কল্পে প্রাইভেট সিকিউরিটি গার্ড নিয়োগ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার অধিবাসীদের মধ্য হতে একটি কমিটি গঠন করে আগামী বোর্ডসভায় এ সম্পর্কিত একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশ করা হোক।

আলোচ্যসূচী-৩৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের (কুমিল্লা-চ-০২-০০০৮) মাইক্রোবাস মেরামতসহ সিএনজিতে রূপান্তরকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের একটি মাইক্রোবাস (কুমিল্লা-চ-০২-০০০৮ নম্বর) দীর্ঘ দিন যাবৎ অচল হয়ে গ্যারেজে পড়ে আছে। মাইক্রোবাসটি মেরামত করা হলে বোর্ডের কাজের গতি অনেক বৃদ্ধি পাবে। গাড়ীটি মেরামতসহ সিএনজিতে রূপান্তরের জন্য অত্র দপ্তরের মোটর ম্যাকানিক শ্রী হরিলাল কর্তৃক ১,৩২,২৬০/- (এক লক্ষ বত্রিশ হাজার দুইশত ষাট) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। গাড়ীটি জরুরী ভিত্তিতে মেরামত করার বিষয়ে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ খ্যাতনামা কোন মোটর গ্যারেজ থেকে গাড়ীটি মেরামতসহ সিএনজিতে রূপান্তর করার নিমিত্তে ১,৩২,২৬০/- (এক লক্ষ বত্রিশ হাজার দুইশত ষাট) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৪ ঃ বিএএফ কুর্মিটোলা হতে ময়লা আবর্জনা সংগ্রহ কাজে নিয়োজিত ঢাকা মেট্রো-ন-৭৭৩৭ নং ট্রাক মেরামত প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ন-৭৭৩৭ নং গাড়ীটির (বিএএফ কুর্মিটোলায় নিয়োজিত) চেসিস, ইঞ্জিন ও অন্যান্য মেরামতসহ রংকরণের জন্য দরপত্র আহবান করা হলে গত ১৯ আগষ্ট, ২০০৯ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিফাত এন্টারপ্রাইজ, ২১৯, কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৯৮,৬৫০/-(এক লক্ষ আটানব্বই হাজার ছয়শত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ন-৭৭৩৭ নং গাড়ীটির (বিএএফ কুর্মিটোলায় নিয়োজিত) চেসিস, ইঞ্জিন ও অন্যান্য মেরামতসহ রংকরণের জন্য মেসার্স সিফাত এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ১,৯৮,৬৫০/-(এক লক্ষ আটানব্বই হাজার ছয়শত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএএফ, কুর্মিটোল খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৩৫ ঃ পবিত্র রমজান মাসে কেন্দ্রীয় মসজিদের সামনে মুসল্লীদের নামাজের জন্য প্যান্ডেল তৈরী এবং ঈদগাহ মাঠে আসন্ন ঈদ-উল-ফিতরের জামাতের জন্য আনুষঙ্গিক সকল কাজ সম্পন্নকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় মসজিদের সামনে জুম্মার নামাজের মুসল্লীদের জন্য প্যান্ডেল তৈরী এবং ঈদগাহ মাঠে আসন্ন ঈদ-উল-ফিতর এর জামাত উপলক্ষে ১৮০-০´´ × ১৩০-০´´ জায়গায় ত্রিপল, ম্যাট, চাদর এবং দুইটি গেট ও মিম্বার তৈরির জন্য দরপত্র আহবান করা হলে গত ২০ আগষ্ট, ২০০৯ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে সাগর ডেকোরেটর, ৫৭, ক্যান্ট সুপার মার্কেট, কচুক্ষেত, ঢাকা ক্যান্ট কর্তৃক প্রদত্ত ৪৫,০০০/-(পঁয়তাল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়।

সিদ্ধান্ত ঃ ৪৫,০০০/-(পঁয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। এ প্রসংগে মহাখালী ও বারিধারা ডিওএইচএস এর চাহিদার প্রেক্ষিতে অনুদান বরাদ্দ করা যেতে পারে।

*চলমান পাতা-১৭*

আলোচ্যসূচী-৩৬ ঃ আসন্ন শীত মৌসুমে ঢাকা সেনানিবাস এলাকায় সৌন্দর্য বৃদ্ধিকল্পে গুরুত্বপূর্ণ স্থান এবং রাস্তার পার্শ্বে রোপনের জন্য ফুলের বীজ ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন শীত মৌসুমে ঢাকা সেনানিবাস এলাকায় রাস্তার পার্শ্বে ও গুরুত্বপূর্ণ স্থানসমূহের সৌন্দর্য বৃদ্ধির নিমিত্তে ফুলের গাছ রোপণের জন্য বীজ ক্রয়ের নিমিত্তে কুষ্টিয়া সিড স্টোরের ০৯ আগস্ট, ২০০৯ তারিখের মূল্য তালিকা নিম্নে ছকে উল্লেখ করা হলো ঃ-

| ২০০৮ সালের বীজ সংগ্রহের তালিকা | | | | ২০০৯ সালের বীজ সংগ্রহের তালিকা | | |
|---|---|---|---|---|---|---|
| ক্র/নং | ফুলের বীজের নাম | সম্ভাব্য বীজের পরিমান | মূল্য | পরিমান | দর প্রতি হাজার | মোট মূল্য |
| ১। | ইনকা গাদা | ৬০,০০০ টি হল্যান্ড | ২৭০০০০.০০ | ৩০,০০০ টি (হল্যান্ড) | ৭,২০০/- | ২১৬০০০.০০ |
| | | | | ৩০,০০০ টি (ইউ এস এ) | ৪,৫০০/- | ১৩৫০০০.০০ |
| ২। | সালভিয়া | ৬০,০০০ টি হল্যান্ড | ১৬৮০০০.০০ | ৬০,০০০/- (হল্যান্ড | ২,৮০০/- | ১৬৮০০০.০০ |
| ৩। | জাম্বু গাদা | ৮,০০০ টি হল্যান্ড | ২৪০০০.০০ | ৮,০০০ টি হল্যান্ড | ২,৪০০/- | ২৪০০০.০০ |
| ৪। | ডায়াস্থাস | ৫,০০০ টি হল্যান্ড | ৪৯০০০.০০ | ৫,০০০ টি ইউএসএ | ১০,০০০/- | ৫০০০০.০০ |
| ৫। | এস্টার | ৫,০০০ টি হল্যান্ড | ৬৫০০.০০ | ৫,০০০ টি ইউএসএ | ১,৫০০/- | ৭৫০০.০০ |
| ৬। | পিটুনিয়া | ৪০,০০০ টি হল্যান্ড | ৫৪০০০.০০ | ৪০,০০০ টি হল্যান্ড | ২,০০০/- | ৮০০০০.০০ |
| ৭। | এন্টারহিনাম | ৪,০০০ টি হল্যান্ড | ৮০০০.০০ | ৪,০০০ টি হল্যান্ড | ২,৩০০/- | ৯২০০.০০ |
| ৮। | ডালিয়া | ১,২০০ টি হল্যান্ড | ১৪৪০০.০০ | ২,৫০০ টি ইন্ডিয়ান | ১২/- প্রতিটি | ৩০০০০.০০ |
| ৯। | স্নোবল | | | ৫০০০ টি ইউএসএ | ১৫/- প্রতিটি | ৭৫০০০.০০ |
| | | মোট | ৫,৯৩,৫০০.০০ | | মোট | ৭,৯৪,৭০০.০০ |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩৭ বিবিধ (১) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ২৫ ও ২৬ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে বিডিআর সদর দপ্তর, পিলখানায় সংঘটিত হত্যাকান্ডে শহীদ সেনা কর্মকর্তাদের ক্যান্টনমেন্ট কবরস্থানে দাফন উপলক্ষে বিভিন্ন মেরামত ও রংকরণ কাজ। | ৪৯,৯৪৮/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৫৪,৭১২/৮৩ টাকা | বোর্ড ফান্ড |

আলোচনা ঃ উপরোক্ত কাজটি Responsive Tender, TEC (Tender Evaluation Committee) কর্তৃক যাচাই বাছাই করে দরটি অনুমোদন করার জন্য সুপারিশ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত কাজটি সর্বনিম্ন দর নিম্নোক্তভাবে অনুমোদন করা হলো এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ৫৪,৭১২/৮৩ টাকা | |

চলমান পাতা-১৮

৩৭ বিবিধ (২) ঃ মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ১৬ (ষোল) জন আনসারের বেতন বৃদ্ধির কারণে আরো অতিরিক্ত ১,৪৩,৯৭৬/১৬ টাকা মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ১৬ জন আনসারের বেতন-ভাতা বৃদ্ধির কারণে ইতোপূর্বে বরাদ্দকৃত অর্থের চেয়ে আরো ১,৪৩,৯৭৬/১৬ (এক লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত ছিয়াত্তর টাকা ষোল পয়সা) টাকা বেশী প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ১,৪৩,৯৭৬/১৬ (এক লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত ছিয়াত্তর টাকা ষোল পয়সা) টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (৩) ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ অফিস ভবন নির্মাণে অতিরিক্ত আর্থিক সহায়তা প্রসংগে (মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৮ জুন, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর এবং ২৪ আগস্ট, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস মিরপুর/২ নং পত্র)।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস পরিষদ এর পত্রে বর্ণিত কাজগুলো জরুরী দরকার। উক্ত কাজগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের মূল্যানুমানে ধরা ছিল না। তবে এগুলোর বিস্তারিত মূল্যানুমান প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ জিই (আর্মি) এর নিকট হতে বিস্তারিত মূল্যানুমান সংগ্রহ করে তা অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (৪) ঃ গত ২৯ জুন, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহের ভাড়া ও সালামী পুনঃনির্ধারণের নিমিত্তে গঠিত কমিটির প্রতিবেদন প্রসংগে।

আলোচনা ঃ গত ২৯ জুন, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১০(দশ) বছর মেয়াদী ৩৫টিসহ অন্যান্য মেয়াদের মোট ৯১ টি দোকানের সালামী পুনঃ নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি সরেজমিনে রজনীগন্ধা সুপার মার্কেট পরিদর্শন ও পর্যালোচনা করে নিম্নবর্ণিতভাবে সুপারিশ করেন ঃ-

| ক্রমিক নং | দোকানের ধরন | দোকান সংখ্যা | দোকানের মেয়াদ | প্রস্তাবিত সালামীর পরিমাণ | প্রস্তাবিত ভাড়ার হার |
|---|---|---|---|---|---|
| (১) | জনতা ব্যাংকের উত্তর পার্শ্বের টিনশেড ব্লক | ৩০ | ০৩ বছর | ১,০০,০০০/- টাকা | - |
| (২) | কর্মকার ব্লক | ১৫ | ০৩ বছর | ৯০,০০০/- টাকা | - |
| (৩) | বেকারী ব্লক | ০৮ | ০৩ বছর | ৭০,০০০/- টাকা | - |
| (৪) | পুকুর পাড় | ০১ | ০৩ বছর | ৭০,০০০/- টাকা | - |
| (৫) | 'এ' ব্লক | ২৯ | ০৩ বছর | ১,০০,০০০/- টাকা | - |
| (৬) | 'বি' ব্লক | ০৬ | ০৩ বছর | ১,০০,০০০/- টাকা | - |
| (৭) | ডি-৮১ | ০১ | ০৩ বছর | ৯০,০০০/- টাকা | - |
| (৮) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টঃ জেনাঃ হাসপাতাল ভবনের নিচতলা | ০৬ | ০১ বছর | - | ২,৫০০/- টাকা প্রতি মাস |

সিদ্ধান্ত ঃ কমিটির প্রস্তাবিত সালামী ও ভাড়ার হার অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১৯

৩৭ বিবিধ (৫) ঃ রজনীনন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনটির ভাড়ার মেয়াদ উত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী মেয়াদে ভাড়া প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ৩৩৩৯ বর্গফুটের একটি পাকা ভবন জনতা ব্যাংক লিমিটেড এর নিকট ভাড়া প্রদান করা হয়েছিল। উক্ত ভাড়ার মেয়াদ গত ৩০/৬/২০০৯ তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী ০৫ (পাঁচ) বছর মেয়াদে উক্ত ভবনটি পুনরায় জনতা ব্যাংক লিমিটেড এর নিকট ভাড়া প্রদানের জন্য তাঁদের ১৯/৮/২০০৯ তারিখের মঃ বারী/রজনীগন্ধা/ব্যাংক ভবন/ভাড়ার চুক্তি নবায়ন/২০০৯ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ প্রতি বর্গফুট মাসিক ২৫/- (পঁচিশ) টাকা ভাড়ায় উক্ত ভবনটি ০১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ৩০ জুন, ২০১২ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ভবনের গ্যাস, পানি, বিদ্যুৎ, টেলিফোন ও অন্যান্য উইটিলিটি সার্ভিস বিল ব্যাংক কর্তৃপক্ষকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে।

৩৭ বিবিধ (৬) ঃ আপতকালীন সময়ে পানির সরবরাহ অব্যাহত রাখার স্বার্থে ক্যান্টনমেন্ট বাজার এলাকার জন্য মিলনার্স পাম্প লিমিটেড হতে ১.৫০ কিউসেক (৬৩ কিলোওয়াট) ক্ষমতার একটি সাব-মারসিবল পানির পাম্প ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত এলাকায় পানি সরবরাহের জন্য বর্তমানে কোন Reserve পাম্প নাই। যেগুলো আছে সেগুলোও কয়েকবার মেরামত করা হয়েছে। হঠাৎ কোন পাম্প নষ্ট হয়ে গেলে বিকল্প কোন ব্যবস্থা না থাকায় তাৎক্ষণিকভাবে পানি সরবরাহ করা যায় না। ফলে এলাকাবাসীকে মারাত্মক ভোগান্তি পোহাতে হয়।

সিদ্ধান্ত ঃ মিলনার্স পাম্প লিমিটেড হতে ১.৫০ কিউসেক (৬৩ কিলোওয়াট) ক্ষমতার একটি সাব-মারসিবল পানির পাম্প কোম্পানীর নির্ধারিত ৪,১৭,০০০/- (চার লক্ষ সতের হাজার) টাকায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (৭) ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ৩৯৪ নং বাড়ীর ভাড়াটিয়া মিসেস উম্মে জে খান, স্বামী- মেজর জেনারেল (অবঃ) জেড এ খান এর অনুকূলে সিকিউরিটি সার্ভিস ব্যবসার ট্রেড লাইসেন্স প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ৩৯৪ নং বাড়ীর ভাড়াটিয়া উক্ত বাড়ীতে সিকিউরিটি সার্ভিস ব্যবসা করার জন্য ট্রেড লাইসেন্স চেয়ে আবেদন করেন। এ প্রসংগে আরো জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫ অক্টোবর, ২০০৬ তারিখের ৩৯১৭/৪/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে ডিওএইচএসসমূহে যে সকল ট্রেডের ট্রেড লাইসেন্স প্রদান করা যাবে তাতে সিকিউরিটি সার্ভিস নেই।

সিদ্ধান্ত ঃ অনুমোদিত নীতিমালার পরিপন্থী বিধায় ট্রেড লাইসেন্স প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করা হোক।

৩৭ বিবিধ (৮) ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর অভ্যন্তরে দুই তলা বিশিষ্ট ডে-কেয়ার ও চেঞ্জিং রুম নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো ক্যান্টনমেন্ট বোর্ডকে অনেক কর দিয়ে থাকে। সেমতে বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে উক্ত নকশা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর অভ্যন্তরে দুই তলা বিশিষ্ট ডে-কেয়ার ও চেঞ্জিং রুম নির্মাণের নকশা বাণিজ্যিক হারে ফি গ্রহণ সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-২০*

Badar

৩৭ বিবিধ (৯) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯৩ নং শপ প্লটের ইজারা পরবর্তী মেয়াদে নবায়ন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯৩ নং শপ প্লটের ইজারা মেয়াদ গত ০১ মে, ২০০৮ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। তৎপ্রেক্ষিতে উক্ত প্লটের বরাদ্দলাভকারী/মালিক গত ৩০ জুলাই, ২০০৯ তারিখে এর ইজারা পরবর্তী মেয়াদে নবায়ন করার জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ শপ প্লট বা বাণিজ্যিক প্লটের ইজারা নবায়নের নীতিমালা ও বিধি বিধান আগামীসহ প্রস্তাবটি আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৩৭ বিবিধ (১০) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭ নং রোডে অবস্থিত ৭ নং বিল্ডিং (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং এমইও অফিস) এর ভাড়া বৃদ্ধি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭ নং রোড অবস্থিত ৭ নং বিল্ডিংটি গত ০১ জুন, ১৯৮৭ তারিখ হতে নিচতলা ৮,৩০০/- (আট হাজার তিনশত) টাকা এবং দোতলা ৮,৩০০/- (আট হাজার তিনশত) টাকা হারে মাসিক ভাড়ায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের নিকট ভাড়া প্রদান করা হয়েছে। অতঃপর উক্ত ভবনের দোতালার উপর তৃতীয় ও ৪র্থ তলা (আংশিক) নির্মাণ করা হলেও ভাড়া পুনঃ নির্ধারণ করা হয়নি।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উক্ত ভবনের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৫/- (পাঁচ) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (১১) ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় দোকান করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে বরাদ্দকৃত স্থান ০৩(তিন) বছরের পরিবর্তে ১০(দশ) বছরের জন্য বরাদ্দ প্রসংগে। এ প্রসংগে লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ) এর ২৩ আগস্ট, ২০০৯ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস পরিষদ এর চাহিদার প্রেক্ষিতে এবং বোর্ডসভার সিদ্ধান্তক্রমে উক্ত এলাকায় একটি দোকান করার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ)-কে ২০×৩০ = ৬০০.০০ বর্গফুট জায়গা বরাদ্দ দেয়া হয়। পরবর্তীতে তাঁর আবেদনের প্রেক্ষিতে উক্ত স্থানটি এক বছরের পরিবর্তে ০৩(তিন) বছরের জন্য বরাদ্দ প্রদান করা হয়। গত ২৩ আগস্ট, ২০০৯ তারিখের আবেদনে ত লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ) উক্ত স্থানটি তাঁকে তিন বছরের পরিবর্তে দশ বছরের জন্য বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেন।

সিদ্ধান্ত ঃ এতদ্বিষয়ে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৩৭ বিবিধ (১২) ঃ রজনীগন্ধা এমপি চেক পোষ্ট হতে স্বাধীনতা সরণি এমপি চেকপোস্ট পর্যন্ত ভূ-গর্ভে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪/৮/২০০৯ তারিখের ৭০৩/২/কিউ-৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ স্বাধীনতা সরণি সেনানিবাসের একটি গুরুত্বপূর্ণ সড়ক। এ রাস্তা কর্তন করে ক্যাবল স্থাপন কাজ ঝুঁকিপূর্ণ। এর সাথে বহু সংস্থার সমন্বয় প্রয়োজন। আর বর্ষা মৌশুমে এ কাজ করা সমীচীন হবে না বিধায় আসন্ন শসস্ত্র বাহিনী দিবসের পরে এ কাজ করা যেতে পারে। তবে রাস্তা মেরামতের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রয়োজনীয় ফি পরিশোধ করতে হবে।

সিদ্ধান্ত ঃ আসন্ন সশস্ত্র বাহিনী দিবস-২০০৯ উদযাপন এর পর এ কাজ করার অনুমতি প্রদান করা হলো এবং রাস্তা মেরামতের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রয়োজনীয় ফি দিতে হবে।

৩৭ বিবিধ (১৩) ঃ বিমান সদর দপ্তরের সামনে দু'টি ট্রাফিক পোস্ট মেরামত ও সংস্কার প্রসংগে। এ প্রসংগে বিমান বাহিনী সদর দপ্তরের ১২/৮/২০০৯ তারিখের বিস(ইউ)/৮৩১/১/প্রভোস্ট/খণ্ড-৬২/৪৪ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, বিমান সদর দপ্তরের সামনে দু'টি ট্রাফিক পোষ্ট জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

*চলমান পাতা-২১*

৩৭ বিবিধ (১৪) ঃ শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ট্রাফিক নির্দেশনা বোর্ড সংস্কার ও উজ্জ্বলকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ট্রাফিক নির্দেশনা বোর্ড দীর্ঘ দিন যাবৎ মেরামত ও রংকরণ করা হচ্ছে না। যার ফলে এর অধিকাংশই আর দেখা যায় না এবং কোন কাজেও আসছে না। আসন্ন সশস্ত্র বাহিনী দিবসের পূর্বেই এগুলো মেরামত ও রংকরণ কাজ সম্পন্ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (১৫) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি লন মোয়ার ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন স্টেটের ঘাস কাটার জন্য একটি হেভী ডিউটি লন মোয়ার ক্রয়ের জন্য কোটেশন সংগ্রহ করা হয়। কোটেশনটি পর্যালোচনায় দেখা যায় যে, Tri king-1900-D মডেলের লন মোয়ার এর দাম ৩৩,৫৫,০০/- টাকা এবং LF-3800 4WD এর দাম ৪৬,৮৯,৬৭০/- টাকা। উল্লেখ্য যে, উক্ত লন মোয়ার দিয়ে শুধু মাত্র সমতল সার্ফেস এর ঘাস কাটা যাবে।

সিদ্ধান্ত ঃ উক্ত মেশিনটি বোর্ডের কাজের উপযোগী নয় বিধায় তা ক্রয় না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (১৬) ঃ মিরপুর সেনানিবাস এলাকায় ০৩(তিন)টি ছোট ও ০১(এক)টি বড় আকারের ডাস্টবিন নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, জিই (আর্মি) মিরপুর, মিরপুর সেনানিবাসের ০৯ এপ্রিল, ২০০৯ তারিখের ২০০৩/৭৫/ই-২ নং পত্রের মাধ্যমে মিরপুর সেনানিবাসের এমপি চেকপোষ্ট হতে চাকুলী পর্যন্ত মেইন রোডের পূর্ব পার্শ্বের রাস্তা সংলগ্ন ডাস্টবিনটি পূর্বদিকে স্থানান্তর এবং রাস্তার পশ্চিম পার্শ্বে জেসিও'স, ওআর'স ও ফলোয়ার্স বাসস্থান এলাকায় নতুন ০৩(তিন)টি ডাস্টবিন স্থাপনের জন্য অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ মিরপুর সেনানিবাস এলাকার উল্লেখিত স্থানে ০৩টি ছোট ও ০১(এক)টি বড় আকারের ডাস্টবিন নির্মানের নিমিত্তে এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ অনুযায়ী যথাক্রমে ১৬,৪০৪/১৫ × ৩ = ৪৯,২১২/৪৫ টাকা এবং ৪৩,৫৮৫/৯৫ টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ নাজমুছ সাদাত সেলিম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।